R. N. No 2532/57

Regd. No WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৩২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

আপনার জমি চাষ কি সমস্যা ?
একই জমি থেকে একাধিকবার ফসল তুলতে খরা ও বর্ষায় স্থ-নির্ভর চাষের জন্য ট্রাকটর দিয়ে চাষ করুন। এতে পয়সা ও সময় দুয়েরই সাশ্রয় হবে।
ট্রাকটর, পাম্পসেট ভাড়া ও বিভিন্ন সারের জন্য যোগাযোগ করুন। আপনাদের সেবায় নিয়োজিত।
অজয় এগ্রো সার্ভিস সেণ্টার
মির্জাপুর, পোঃ গনকর ( মুর্শিদাবাদ )

৬২শ বর্ষ
১২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২০শে শ্রাবণ, বুধবার, ১৩৮২ সাল।
৬ই আগষ্ট, ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## বিবর্তনের মধ্যে দিয়ে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের অবসান ঘটবে

বিশেষ প্রতিনিধি, জঙ্গিপুর, ১ আগষ্ট—'ঐতিহাসিক বিবর্তনের মধ্যে দিয়ে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের অবসান ঘটবে, হতাশার মাধ্যমেই সান্ত্বনা ফিরে আসবে।' আজ জঙ্গিপুর কলেজের রজত-জয়ন্তী পূর্তি উৎসবে যোগ দিতে এসে অধ্যাপকদের সম্বর্ধনা সভায় এ কথা বলেন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের রেজিষ্টার ভবরঞ্জন দে। তিনি এই কলেজেরই প্রতিষ্ঠাতা অধ্যক্ষ। ১৯৫০ সালের পয়লা আগষ্ট ডাঃ প্রভাত ব্যানারজি একটি তামার পাত্রে চার আনা সোনা ও এক টাকার একটি মুদ্রা রেখে জঙ্গিপুর কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন সেদিন থেকে ভবরঞ্জনবাবু এই কলেজের সঙ্গে যুক্ত। ১৯৫৬ সালে অধ্যক্ষের পদে ইস্তফা দিয়ে তিনি এখান থেকে বিদায় নেন।

গণটোকাটুকি রোধের উপায় কি ? আমার এই প্রশ্নের উত্তরে সম্বর্ধনা সভায় ভবরঞ্জনবাবু বলেন, বই পড়ে ছাত্ররা কতটা বুঝতে পেরেছে অথবা তাদের বোঝবার ক্ষমতা কতখানি, তার উপর নির্ভর না করে বই খুলে উত্তর দিতে পারে এমন প্রশ্ন করতে হবে, তবেই গণটোকাটুকি বন্ধ হবে। আর সেজন্যে প্রয়োজন শিক্ষা ব্যবস্থার সংস্কার ও পরীক্ষা পদ্ধতি ঢেলে সাজানো। কলেজের প্রাক্তন অধ্যাপক অসীম চ্যাটারজি বলেন, কলকাতায় গিয়ে জঙ্গিপুরের মত আত্মীয়তা আমি হারিয়েছি। টুকে পাস করে যারা অধ্যাপনা করছে তাদের জন্য আমি লজ্জিত। আজ চারিদিকে অসভ্যতা চলছে। এই অসভ্যতার মাঝে আদর্শবোধ হারিয়ে শিক্ষকসমাজ ছাত্রদের হাতের পুতুল হয়ে পড়েছে, আমরা সকলে নিজেদের কাছে পরাজিত হয়েছি। অধ্যাপক অজিত মুখারজি কলেজের রজত-জয়ন্তী উৎসবে প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ভবরঞ্জনবাবুর যোগদানকে ঐতিহাসিক ঘটনা বলে উল্লেখ করেন। সম্বর্ধনার উত্তরে ভবরঞ্জনবাবু আবেগরুদ্ধ কণ্ঠে বলেন, যে বিপুল সম্মান আপনারা আমাকে দিয়েছেন, আমি নিজের মধ্যে সে গুণ দেখিনি। হৃদয়ের টানই আমাকে আপনাদের কাছে নিয়ে এসেছে।

সকালে ২৫টি প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। মানপত্র পাঠ নিয়ে একদল বর্তমান ছাত্রকে বিক্ষোভ প্রদর্শন করতে দেখা যায়। অনুষ্ঠানে কলেজের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা করেন প্রবীণ পুরবাসী ডাঃ জিতেন্দ্রনাথ রায়। বক্তব্য রাখেন, অধ্যাপক কালীপদ ঘোষ, তাপস রায়, বিশ্বপতি চট্টোপাধ্যায়, তরুণ মহকুমা শাসক কল্যাণ বাগচী প্রমুখ। অধ্যক্ষ ডঃ সচ্চিদানন্দ ধর জানান, সাহিত্য চর্চা, খেলাধূলা, আবৃত্তি প্রতিযোগিতা প্রভৃতির মাধ্যমে বৎসরব্যাপী রজত-জয়ন্তী উৎসব চলবে। সভাপতির ভাষণে প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ভবরঞ্জন দে বলেন, ১০০ বছর আগেও শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের বেদনা প্রতিধ্বনিত হত। কাজেই এ হতাশা কোন নতুন ঘটনা নয়। জীবনকে পূর্ণতর রূপ দেওয়ার একমাত্র উপায় শিক্ষা ও সাংস্কৃতির অস্থির অবস্থার মধ্যে স্থিতিশীলতা আনয়নের মনোভাব গড়ে তোলা। বর্তমান বিপর্যয়কে কাটিয়ে উঠতে গেলে সহনশীলতা, সমবেদনা ও ধৈর্যের সঙ্গে এগিয়ে যেতে হবে, তরুণদের মধ্যে যে জীবন-জিজ্ঞাসা এসেছে, তাকেও স্বীকৃতি দিতে হবে। অনুষ্ঠান শেষে সকলকে ধন্যবাদ জানান পুরপতি ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়।

## জল নিকাশে স্লুইশ গেট, কৃষিমন্ত্রীর আশ্বাস

নিজস্ব সংবাদদাতা, ৩ আগষ্ট—সুতী এক নম্বর ব্লকের বন্যা পরিদর্শনের পর রাজ্যের কৃষিমন্ত্রী আবদুস সাত্তার আজ আহিরণে সুতী এক নম্বর ব্লক কংগ্রেসের সভায় উপস্থিত হন। সেখানে তিনি জানান, ফল্গু ও পাগলা নদীর মোহনায় দু'টো স্লুইশ গেট বসানো হবে এবং জলস্ফীতি রোধের জন্য নদীর দুই পারে উঁচু করে বাঁধ দেওয়া হবে। বাস্তুকাররা ধুলিয়ানের উপকণ্ঠে বাগমারী সাইফন এলাকা আরও গভীর করে সেখানকার নীচু এলাকা দিয়ে বন্যার জল গঙ্গায় ফেলার পরামর্শ দেন। এ খবর দিয়ে সুতী এক নম্বর ব্লক কংগ্রেস সভাপতি উমাপতি মণ্ডল জানান, ২১ মে ফরাক্কায় তাঁরা বন্যা পরিস্থিতি সম্পর্কে কেন্দ্রীয় সেচ ও কৃষিমন্ত্রী জগজীবন রামের দৃষ্টি আকর্ষণ করেন। আজকের সভায় জরুরী অবস্থার সমর্থনে এক প্রস্তাব গৃহীত হয়। আহিরণের সভায় মিলিত হবার আগে কৃষিমন্ত্রী আবদুস সাত্তার রঘুনাথগঞ্জ দু' নম্বর ব্লকের বড়জুমলা অঞ্চলে লুথারিয়ান ওয়ারলড্ সারভিসের দু'টি নতুন খাদ্য বিতরণ কেন্দ্রের উদ্বোধন করেন। এবং ঐ অঞ্চলের ভয়াবহ বন্যা তিনি দেখে যান। গতকাল সকালে সেচ ও বিদ্যুৎমন্ত্রী এ বি এ গনি খান চৌধুরী কৃষিমন্ত্রী আবদুস সাত্তার সমভিব্যাহারে হেলিকেপটরযোগে মুর্শিদাবাদ জেলার বন্যাপীড়িত এলাকাগুলি পরিদর্শন করেন বলে জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর জানিয়েছেন।

## জেলার প্রথম মহকুমা গ্রন্থাগার রঘুনাথগঞ্জে

মির্জাপুর, ২৯ জুলাই—শহর রঘুনাথগঞ্জের ম্যাকেনজি পারকে মুর্শিদাবাদ জেলার সর্বপ্রথম মহকুমা গ্রন্থাগারটি প্রতিষ্ঠিত হতে চলেছে। এজন্যে প্রয়োজনীয় অনুমোদন ও ব্যয়-বরাদ্দ রাজ্য সরকারের কাছ থেকে পাওয়া গিয়েছে। ইতিমধ্যেই অনুদানের প্রথম কিস্তির ২০ হাজার টাকা জেলা সমাজশিক্ষা আধিকারিকের দপ্তরে পাঠিয়ে দেওয়া হয়েছে। এখন জেলা শাসকের কাছ থেকে ম্যাকেনজি হলের প্রয়োজনীয় কাগজপত্র এসে পৌছলেই গ্রন্থাগারের কাজ আরম্ভ হবে। নির্ভরযোগ্যসূত্রে এ খবর পাওয়া গিয়েছে।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং ( প্রাঃ ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ )
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে
রাসায়নিক সার ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
**ক্ষুদিরাম সাহা**
**চারুচন্দ্র সাহা**
জেনারেল মার্চেন্টস্ এণ্ড
অর্ডার সাপ্লায়ার্স )
পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২০শে শ্রাবণ বুধবার, সন ১৩৮২ সাল।

## হাসপাতালের ঔষধ পাচার

হাসপাতালের নানাবিধ ত্রুটি ও অব্যবস্থা শুধু এখানকার মহকুমা হাসপাতালেই সীমাবদ্ধ নয়, অন্যত্রও আছে। বীরভূমের সাপ্তাহিক 'ময়ূরাক্ষী' ( ৭ শ্রাবণ ) এবং 'পল্লীশ্রী' ( ৮ শ্রাবণ ) যথাক্রমে সিউড়ী হাসপাতাল ও বোলপুর স্বাস্থ্যকেন্দ্রের সংবাদ প্রকাশ করিয়াছেন। 'ময়ূরাক্ষী' জানাইয়াছেন, ডাক্তারের শৈথিল্যে এবং ডাক্তারে ডাক্তারে দ্বন্দ্বের ফলে রোগীর মৃত্যু হইয়াছে। 'পল্লীশ্রী' স্বাস্থ্যকেন্দ্র হইতে রোগীদের খাদ্য পাচার হইতেছে বলিয়া সংবাদ দিয়াছেন। জঙ্গিপুর মহকুমা সদর হাসপাতালও একই সুরে বাঁধা; এখানেও আছে চিকিৎসকের শৈথিল্য, অর্থগৃধ্নুতা। এ সম্পর্কে বহু সংবাদ আমরা ইতোপূর্বে প্রকাশ করিয়াছি। তবে গত ৬ই শ্রাবণ সংখ্যায় আমাদের পত্রিকায় প্রকাশিত সংবাদ নিঃসন্দেহে সকলকে ভাবিত করিবে। এবারের পদক্ষেপ : রোগী দেখায় চিকিৎসকের শৈথিল্য নয়, খাবার পাচার নয়, ঔষধ ( যাহা রোগ নিরাময়ের প্রধান বাহন ) পাচার।

হাসপাতালের ঔষধ সর্বসাধারণ রোগীদের জন্য। তথাপি ঔষধ নাই-এর দোহাই পাড়িয়া ডাক্তাররা রোগীর প্রিয়জনকে অত্যাবশ্যকীয় ঔষধ-ইনজেকশনাদি কিনিতে বাধ্য করিতেছেন। অপরদিকে এক শ্রেণীর লোভী হাসপাতাল-কর্মীর পিছন দরজা দিয়া আয়ের পথ প্রশস্ত হইতেছে ঔষধ পাচারের মাধ্যমে। আর এই সব অসৎ কর্মীর জন্য হাসপাতালগুলিকে ক্রমশঃ 'আনইমপরটানট' মানুষকে চিকিৎসার শৈথিল্যে, পথ্যের ঘাটতিতে ও ঔষধের অভাবে মারিয়া ফেলিবার আইনসিদ্ধ ক্ষেত্রে পরিণত করা হইতেছে তথাকথিত ভদ্রবেশী জল্লাদদের দ্বারা যাহারা ডাক্তার, সার্জেন ও অন্যান্য হাসপাতাল কর্মী। এই সমাজ-শত্রুরা সরকার প্রদত্ত ঔষধ পাচার করিয়া পয়সা লুটিতেছে আর রঙ্গীন তরল পদার্থ ( ঔষধত্বহীন ) অজস্র মানুষকে ঔষধ হিসাবে দিয়া রোগ জটিল করিতেছে; রোগীর মৃত্যুর সহায়ক হইতেছে। ভদ্রবেশধারী এই বর্বরের দল অবশ্য দণ্ডার্হ।

সেই দিন আমাদের সংবাদদাতা ঔষধ পাচারকারী অজিত সরকারকে ধরিয়া ফেলিলেন; এস ডি এম ও-র হাতে তাহাকে তুলিয়া দিলেন; জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নিকট সংবাদ গেল। তাহার পর পাচারকারী অথবা ষ্টোরকীপার অথবা এস ডি এম ও প্রভৃতি সম্পর্কে কী ব্যবস্থা অবলম্বিত হইল, তাহা এ পর্যন্ত জানা যায় নাই। আলোচ্য ঔষধ পাচার একটি বিচ্ছিন্ন ঘটনা নয়, আর এই ঘটনার জন্য ষ্টোরকীপার কিংবা হাসপাতাল প্রধান কেহই দায়িত্ব অস্বীকার করিতে পারেন না—এ কথা মনে করা অসমীচীন নয়। সাধারণ রোগীদের চিকিৎসা-পরিচর্যায় শৈথিল্য-অবহেলা, পথ্যাদির মান ও পরিমাণে তারতম্য ঘটানো, ঔষধপত্র সরানো ইত্যাদির জন্য হাসপাতালের দায়িত্বশীল কর্মীদের অপরাধকে সামান্যভাবে দেখা উচিত নয়। হাসপাতালে প্রভূত অপকর্মের বাস্তুঘুঘুদের টানিয়া বাহির করিতে হইবে এবং নির্বিচারে শাস্তি দিতে হইবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবিলম্বে তৎপর হইতে হইবে।

## বাস দুর্ঘটনায় ৪ জন আহত

রঘুনাথগঞ্জ, ১ আগষ্ট—আজ বেলা একটা নাগাদ বহরমপুর, রঘুনাথগঞ্জ রুটের যাত্রীবাহী একটি খালি বাস উমরপুর মোড় থেকে পেট্রল নিয়ে এখানে আসার পথে জঙ্গিপুর মহকুমা হাসপাতালের সামনে একটি গাছের সঙ্গে সরাসরি ধাক্কা খায়। ফলে চালকসহ বাসের চারজন কর্মী গুরুতরভাবে আহত হন। রাস্তায় দু'টি গরুকে বাঁচাতে গিয়েই নাকি এই দুর্ঘটনা ঘটে। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়।

**সর্পাঘাতে মৃত্যু ঃ** রঘুনাথগঞ্জ, ৪ আগষ্ট—আজ আইলের উপর গ্রামে বিষাক্ত সাপের কামড়ে এক বালকের মৃত্যু ঘটেছে।

## উচ্চাকাঙ্ক্ষাই শট পাট-এ শ্যামাদাসীর সাফল্যের একমাত্র চাবিকাঠি

**সত্যনারায়ণ ভকত ঃ** 'শট পাট-এ হাত দিলে লাথি মেরে তোকে তাড়িয়ে দিব'—আজ থেকে তিন বছর আগে মির্জাপুরের এক ক্লাবে শট পাট নাড়াচাড়া করার সময় বার বছর বয়সের দুরন্ত লাজুক মেয়েটি ক্লাবের একজন কর্মকর্তার কাছে যখন এ রকম সম্বর্ধনা পেয়েছিল, তখন কে জানতো সেই মেয়েটিই এত অল্প সময়ের মধ্যে শট পাট নিক্ষেপে ভারতের মধ্যে বার বার প্রথম স্থানটি ছিনিয়ে নেবে? আর কেউ না জানলেও সে নিজে জানতো। সেদিন সেই ভর্ৎসনাকে আশীর্বাদ মনে করে সে প্রতিজ্ঞা করেছিল, শট পাট এ তাকে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করতেই হবে। করেছেও। সেই উচ্চাকাঙ্ক্ষাই তার সাফল্যের একমাত্র চাবিকাঠি। সেই পথ ধরেই আজ সে খবরের কাগজের শিরোনাম, ইথার তরঙ্গে তার লজ্জা জড়ানো কণ্ঠস্বর গাঁয়ে-গঞ্জের ঘরে ঘরে অনুরণিত হচ্ছে। এই মেয়েটিই রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লকের মির্জাপুর গ্রামের, মির্জাপুর দ্বিজপদ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রী, মির্জাপুর শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবের সদস্যা শ্যামাদাসী ঘোষ। চার বোন, এক ভাই। মা আছেন, বাবা মণিভূষণ ঘোষ গত হয়েছেন আট বছর আগে। বোনেদের মধ্যে শ্যামাদাসী ছোট।

শিবরাম স্মৃতি পাঠাগারে বসে সেদিন গোধূলি বেলায় কথা বলছিলাম শ্যামাদাসীর সঙ্গে। অনুশীলন শেষ করে এসে টেবিলে কনুইয়ে মাথা রেখে সংকোচের সঙ্গে অনেক কথা বললো। ৩৬৫ দিনই ও অনুশীলন করে ক্লাবের মাঠে। কোচের নাম নিমাইকুমার সাহা। সর্বভারতীয় চতুর্থ গ্রামীণ খেলাধূলায় ১৯৭৩ সালে প্রথম শট পাট-এ প্রতিযোগিনীর ভূমিকায় অবতীর্ণ হয় ১৯৭৩ সালে কৃষ্ণনগর ষ্টেডিয়াম মাঠে। সেখানে তৃতীয় হওয়ায় তামিলনাড়ুতে ফাইনালে যোগ দিতে পারেনি। সেদিন ও অনেক কেঁদেছিল, দৃঢ় প্রত্যয় জেগেছিল প্রথম হবার। ঝোঁকটা তখন থেকে আরও বেড়েছে। কৃষ্ণনগরের চোখের জল সর্বভারতীয় মুক্তোর মালা হয়ে আজ ওর গলায় শোভা পাচ্ছে।

দ্বিতীয় সর্বভারতীয় খেলাধূলায় ১৯৭৪ সালে রাঁচীতে এবং ওই বছরই ৫ম সর্বভারতীয় গ্রামীণ খেলাধূলায় কর্ণাটকে শট পাট নিক্ষেপে প্রথম হয়।

রাঁচীতে শ্যামাদাসীর প্রথম পরিচয় হয় বিহারী মেয়েদের সঙ্গে। ওদের স্বাস্থ্য, দৈহিক গড়ন এবং বয়স দেখে ও প্রথমে ঘাবড়ে গিয়েছিল। ওরা ওকে বলতো—এইটুকু পুচকে মেয়ে আবার কি ছুঁড়বে? ১৫ বছরের 'পুচকে' মেয়ে শ্যামাদাসী কিন্তু সেদিন প্রথমই হয়েছিল।

কর্ণাটকে সাফল্যের সঙ্গে প্রথম হয়ে মাঠ ছেড়ে যাবার সময় পাঞ্জাবী মেয়েরা পেছন থেকে শ্যামাদাসীকে মেরেছিল। তখন ও কিছু বলেনি, চুপচাপ পাঞ্জাবী মার হজম করেছিল। শিবিরে খাবার টেবিলে দলের বাঙালী ছেলেদের নিয়ে ও পাঞ্জাবী মেয়েদের এমন মার দিয়েছিল যে বাঙালী প্রীতি ওরা হাড়ে হাড়ে টের পেয়ে গিয়েছিল। কর্ণাটকের শিবিরে বাঙালীদের খারাপ মাছ খেতে দিতো বলে শ্যামাদাসী আর বহরমপুরের প্রভাতী শীল চুরি করে ভালো ভালো ভাজা মাছ খাবার লোভ সামলাতে পারেনি।

এ বছরও কাশ্মীরের শ্রীনগর ষ্টেডিয়ামে ভারত সরকার পরিচালিত গ্রামীণ খেলাধূলা প্রতিযোগিতায় শট পাট-এ শ্যামাদাসী প্রথম হয়। শ্রীনগরে ২১ দিন অনুশীলনের পর এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। শিবিরে ম্যাডাম যেভাবে অনুশীলন করাতেন তাতে ওর কিছু হ'তো না। সেকথা ও শিবিরের একজন কর্মকর্তা মিঃ বলকে বলেছিল। তিনি শ্রীনগর থেকে তিন মাইল দূরে একটি শিবিরে ওর অনুশীলনের ব্যবস্থা করে দেন। মোহন সিং নামে একজন কোচ সেখানে ওকে প্র্যাকটিস করাতেন। মির্জাপুর থেকে মাত্র ৬৫ টাকা নিয়ে শ্যামাদাসী শ্রীনগর গিয়েছিল। পহলগাঁও বেড়াতে গিয়ে ১৬ টাকা, ঘোড়ায় চড়তে ২১ টাকা, শ্লেজ গাড়ীতে ৮ টাকা এবং কাশ্মীরের আরও কয়েকটি গ্রাম ঘুরতে গিয়ে টাকা প্রায় শেষ হয়ে এসেছিল। শ্যামাদাসী খুব চিন্তিত হয়ে পড়েছিল।

—শেষ পৃষ্ঠায় দেখুন

## রাজারাম মুন্দ্রা মুক্ত

নিজস্ব প্রতিনিধি, রঘুনাথগঞ্জ, ১ আগষ্ট—বিদ্যুৎ তারের চোরাই ব্যবসায়ে লিপ্ত থাকার অভিযোগে ধৃত জঙ্গিপুরের ব্যবসায়ী ও জঙ্গিপুর পুরসভার ৯নং ওয়ারডের কমিশনার রাজারাম মুন্দ্রা আজ জঙ্গিপুর আদালতে অভিযোগ থেকে ডিসচারিজড হয়েছেন। গত মঙ্গলবার রঘুনাথগঞ্জের একটি কাপড়ের দোকান থেকে ফাঁদ পেতে তাঁকে গ্রেপ্তার করা হয়েছিল। আসামীকে ১৪ আগষ্ট জেল হাজত থেকে আদালতে হাজির করার কথা ছিল। কিন্তু বিশেষ আবেদনে আজ এই মামলার নথীপত্র সাব-ডিভিসনাল জুডিসিয়াল ম্যাজিসট্রেট এস মহান্তির এজলাসে আনা হয়।

পুলিশের অভিযোগে প্রকাশ, ৫৭ হাজার টাকার চোরাই বিদ্যুৎ তার কিনে রাজারাম মুন্দ্রা তাঁর সজনীপাড়া গুদামে রাখেন এবং গুদাম থেকেই সেগুলি বিক্রী করেন। গোকর্ণ থেকে ফরাক্কার মধ্যবর্তী এলাকায় ওই দামের তার চুরি যায়। এভাবে বিদ্যুৎ তার চুরি যাওয়ায় সেচ, বিদ্যুৎ সরবরাহ ইত্যাদি ব্যাহত হয়েছে। তারের চোরাই ব্যবসায়ে লিপ্ত রাজারাম মুন্দ্রা বাইরে থাকলে আরও ক্ষতি হতে পারে।

সুতী থানায় এই অভিযোগের ভিত্তিতে তাঁকে এখান থেকে গ্রেপ্তার করা হয় এবং ৩৭৯ ধারায় জঙ্গিপুর আদালতে একটি মামলা দায়ের করা হয়। আজ আসামী রাজারাম মুন্দ্রার পুত্র রামচন্দ্র মুন্দ্রা এফিডেবিট করে আদালতকে জানান যে, জঙ্গিপুরের সারকেল ইনস্‌পেকটর (পুলিশ) অমলকুমার মিত্র ও সুতী থানার বড় দারোগা শঙ্কর চ্যাটারজি বাবার কাছে টাকা চান। বাবা তাঁদের টাকা দিতে রাজী না হওয়ায় এই রকম একটি ভিত্তিহীন অভিযোগ সাজিয়ে বাবাকে গ্রেপ্তার করা হয়। টাকা চাওয়ার অভিযোগ রামচন্দ্র মুন্দ্রা জঙ্গিপুর মহকুমা পুলিশ অফিসার রাজেন্দ্রপ্রসাদ সিং ও পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষকেও লিখিতভাবে জানান। সাব-ডিভিসনাল জুডিসিয়াল ম্যাজিসট্রেট এস মহান্তি আসামী রাজারাম মুন্দ্রাকে অভিযোগ থেকে ডিসচারজড করেন।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, অত্যাবশ্যক পণ্য আইনে ধৃত ব্যবসায়ী বৈদ্যনাথ দত্ত, কৈলাসপতি দাস ও রামকৃষ্ণ পালকে জামিনে মুক্তি দেওয়া হয়েছে।

## বালিকা বিদ্যালয়ের সরকারী অনুমোদনলাভ

নিজস্ব প্রতিনিধি, সাগরদীঘি: চালু হওয়ার পর তিন বছরের মাথায় সাগরদীঘি বালিকা উচ্চ বিদ্যালয়টি রাজ্য সরকারের অনুমোদন লাভ করেছে জুলাই মাসের আট তারিখে। ১৯৭৩ সালের পয়লা জানুয়ারী পূর্বতন বিডিও, এম এল এ, অঞ্চল প্রধান ও স্থানীয় বিদ্যানুরাগীদের ঐকান্তিক প্রচেষ্টা ও সক্রিয় সহযোগিতায় অনেক বাধা-বিপত্তি ডিঙিয়ে একটি ভাড়া বাড়ীতে স্কুলটি শুরু হয়। চলতি বছর গোড়ার দিকে নিজস্ব গৃহ নির্মাণের কাজ প্রায় শেষ হওয়ায় সেখানে স্থানান্তরিত করা হয়। তারপর এই মাসে অনুমোদন লাভ করে। এই অনুমোদন ১৯৭৫ সালের জানুয়ারী মাস থেকে কার্যকর হবে। অপর দিকে ব্যবসায়ী নরঙ্গীলাল আগরওয়ালার বদান্যতায় চালু হওয়ার ১৪ মাস পরও অনুমোদন না পাওয়ায় ধুলিয়ানের বাণীচাঁদ আগরওয়ালা বালিকা বিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি হয়েছে বলে খবর পাওয়া যাচ্ছে।

## না পড়িয়েই প্রশ্ন

নিজস্ব সংবাদদাতা, ধুলিয়ান: প্রাথমিক শিক্ষা আমাদের দেশে আজকাল কোথায় গিয়ে দাঁড়িয়েছে, এবং বর্তমানে প্রাথমিক শিক্ষকরা ছোট ছোট শিশুদের নিয়ে যে প্রহসনের নজীর গড়ে চলেছেন তা অনেকেরই অজ্ঞাত নয়। সম্প্রতি মুর্শিদাবাদ জেলার অন্যান্য জায়গার মত ধুলিয়ানেও প্রাথমিক বিদ্যালয় গুলোতে ষাণ্মাসিক পরীক্ষা শেষ হয়েছে। বাংলা ও ইতিহাস পরীক্ষার (চতুর্থ শ্রেণীর) প্রশ্নপত্র দেখে তো বহু অভিভাবকই চমকে উঠেছেন। বাংলা সাহিত্য সম্পর্কিত কিশলয় বইটির অর্ধেকটা বেশীর ভাগ স্কুলে পড়ানো হয়েছে অথচ প্রশ্ন করা হয়েছে গোটা বই থেকে। ইতিহাসের ক্ষেত্রেও একই ঘটনার পুনরাবৃত্তি ঘটেছে। বলাবাহুল্য প্রশ্নপত্র তৈরী করেছেন পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির মুর্শিদাবাদ জেলা শাখা।

সকল প্রকার
ঔষধের জন্য
**নির্ণয় ও নিরাময়**
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

## ডাকাতে-গ্রামবাসীতে গুলি বিনিময়

সাগরদীঘি, ৪ আগষ্ট—গতকাল রাত্রে এই থানার বড় ভূমিহর গ্রামে প্রভাত ব্যানারজির বাড়ীতে ডাকাত পড়লে গ্রামবাসীরা ১৬ রাউণ্ড গুলি চালান। ডাকাতরাও পাল্টা ১৮ রাউণ্ড গুলি চালায়। এ খবর গ্রামবাসী সূত্রের।

প্রকাশ, সশস্ত্র ডাকাতদল বোমা ফাটিয়ে গ্রামে হানা দিয়ে প্রভাতবাবুর বাড়ীর দরজা ভাঙার চেষ্টা করতে থাকলে কয়েকজন গ্রামবাসী ডাকাতদের লক্ষ্য করে নিজেদের বন্দুক থেকে গুলি ছুঁড়তে শুরু করেন। ডাকাতদল বেগতিক বুঝে তাদের রাইফেল থেকে পাল্টা গুলি চালায়। পনের মিনিটের খণ্ডযুদ্ধে গ্রামবাসীদের গুলিতে ডাকাতদলের একজন আহত হয় বলে গ্রামবাসীরা দাবি করেন। পাশের গ্রাম ছোট ভূমিহর থেকেও ডাকাত প্রতিরোধে ২ রাউণ্ড গুলি চালানো হয়। ফলে লুঠতরাজে ব্যর্থ হয়ে তারা সেই গুলিবিদ্ধ ডাকাতকে সঙ্গে নিয়ে চম্পট দেয়। আজ সকালে গ্রামের সংশ্লিষ্ট এলাকায় ডাকাতদলের রাইফেলে ব্যবহৃত কয়েকটি কারতুজ গ্রামবাসীরা পড়ে থাকতে দেখেন।

### ব্লক ক্রীড়া সংস্থা

সাগরদীঘি, ৩ আগষ্ট—ব্লক পর্যায়ে গ্রামীণ খেলাধূলার মান উন্নয়নের জন্য সম্প্রতি উন্নয়ন সংস্থাধিকারিক ভুজঙ্গভূষণ সাহার সভাপতিত্বে সাগরদীঘি ব্লক স্পোরটস্ এ্যাসোসিয়েশন নামে একটি ক্রীড়া সংস্থা গঠন করা হয়েছে। সম্পাদক নির্বাচিত হয়েছেন পূর্ণচন্দ্র দে। চারটি জোনে ভাগ করে এ বছর থেকেই খেলাধূলা শুরু হবে বলে খবর পাওয়া গিয়েছে। আপাততঃ উপযুক্ত মাঠের সমস্যা এই সংস্থাকে বিব্রত করছে।

**কমারস কলেজ:** জঙ্গিপুর, ৩ আগষ্ট—জঙ্গিপুর কলেজে এ বছর থেকে বাণিজ্য বিভাগ চালু হচ্ছে। ৭৫ জন ছাত্র এই বিভাগে পড়াশোনা করতে পারবে। অনুমোদনের প্রয়োজনীয় কাগজপত্র বিশ্ববিদ্যালয় থেকে কলেজে এসে পৌঁচেছে বলে খবর।

## মিসায় ৪ জন আটক

রঘুনাথগঞ্জ, ৫ আগষ্ট—এই থানার সেকেন্দ্রা গ্রামের পতিত ঘোষ, শ্রীপতি ঘোষ, ইছাখালি গ্রামের আবুল হোসেন ও বালিঘাটার কার্তিক ঘোষকে সমাজবিরোধী কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে মিসায় আটক করা হয়েছে। গতকাল বালিঘাটায় মিসার আসামী কার্তিক ঘোষকে ধরতে গিয়ে একজন এ-এস-আইকে একটি পুকুরে নাকানি-চুবানি খেতে হয় বলে খবর।

### *বিজ্ঞপ্তি*

বিদ্যালয়ের করণিক পদের জন্য এস-এফ/এইচ-এস উত্তীর্ণ প্রার্থীদের নিকট হইতে বিজ্ঞপ্তি প্রকাশের দশ দিনের মধ্যে সম্পাদক, খামড়া ভাবকী জুনিয়র হাই স্কুল, পোঃ রাজপুত তেঘরী, জেলা মুর্শিদাবাদের নিকট নিজ হস্তে লিখিত আবেদনপত্র আহ্বান করা হইতেছে।

*বিড়ির সেরা*
অমর স্পেশ্যাল বিড়ি, মন্দির মার্কা বিড়ি
মুর্শিদাবাদ
বিড়ি ফ্যাক্টরী
ধুলিয়ান : মুর্শিদাবাদ

*খেতে ভাল* ফোন—২৩
★মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি
★রেখা বিড়ি
ময়না বিড়ি ওয়ার্কস্
ধুলিয়ান, মুর্শিদাবাদ
ট্রানজিট গোডাউন
ডালকোলা (ফোন—৩৫)

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—**সদরঘাট** •
ব্রাঞ্চ—**ফুলতলা**
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

## নকল খাদ্য পরিদর্শক পুলিশের খপ্পরে

সাগরদীঘি, ৫ আগষ্ট—নিজেকে খাদ্য ও সরবরাহ বিভাগের একজন পরিদর্শক জাহির করে তপনকুমার দাস ওরফে কাশীনাথ রায় গতকাল এই থানার বালাগাছি ও পাটকেলডাঙ্গা গ্রামে দু'জন রেশন ডিলারের সাথে প্রতারণা করে। সে রেশন দোকানের খাতাপত্র পরীক্ষা করে ও ভয় দেখিয়ে ডিলারদের কাছ থেকে ১৫০ টাকা আদায় করে। সন্দেহবশতঃ গ্রামের কিছু যুবক তাড়া ক'রে তাকে মহিপাল ষ্টেশনে পাকড়াও করে এবং সাগরদীঘি পুলিশের হাতে তুলে দেয়। খাদ্য পরিদর্শকের পরিচয় ও নথীপত্র দেখাতে না পারায় পুলিশ তাকে গ্রেপ্তার করে। জানা গেছে, ধৃত নকল খাদ্য পরিদর্শকটির বাড়ী বর্ধমান জেলার কেতুগ্রাম থানার ঝামটপুর-বহরান গ্রামে। বাবার নাম হরেন্দ্রনাথ রায়। ইতিপূর্বে সাঁইথিয়া ষ্টেশনে ও কান্দী থানার কুলীতে প্রতারণার দায়ে তাকে গ্রেপ্তার করা হয়। পুলিশ একবার তার কাছ থেকে পুলিশের পোষাক উদ্ধার ও আটক করে। এখনও কান্দী আদালতে একই অভিযোগে তার বিরুদ্ধে চার পাঁচটি মামলা ঝুলছে। সাগরদীঘি থানা থেকে তাকে জঙ্গিপুর আদালতে চালান দেওয়া হয়েছে।

### শ্যামাদাসীর সাফল্যের একমাত্র চাবিকাঠি [২য় পৃষ্ঠার পর]

পশ্চিমবঙ্গ রাজ্য এন আই এস কোচ সমরবাবু সেই সময় ওকে অনেক সাহায্য করেছিলেন। সমরবাবু ও তাঁর স্ত্রী ওকে খুব ভালোবাসতেন, ভালোবাসতেন শিবিরের ম্যাডামও। মেয়েদের দায়িত্ব ওকে দিয়ে ম্যাডাম চলে যেতেন বেড়াতে, কেনাকাটা করতে। ওখানে রবীন্দ্র সঙ্গীত গেয়ে পুরস্কার পেয়েছিল, কৌতুক করে পুরস্কার পেয়েছিল। ছোট ছোট মেয়েরা ওকে মালা ও ফুল উপহার দিয়ে যেত। কিন্তু শ্যামাদাসী ওদের কথা বুঝতে পারতো না, বলতেও পারতো না।

শ্যামাদাসীর শট পাট নিক্ষেপে এখন পর্যন্ত উল্লেখযোগ্য ফলাফল—কৃষ্ণনগর (লোহার বল) ৭·২৭ মিটার, রাঁচী (লোহার বল) ৯·৭২ মিটার, কর্ণাটক (পেতলের বল) ৯·৩৮ মিটার এবং কাশ্মীর (পেতলের বল) ৯·৪০ মিটার। এ ছাড়াও জেলার খেলাধূলায় সে সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছে ও এক গাদা সারটিফিকেট, একটি স্বর্ণপদক এবং মাসিক ৫০ টাকা করে জাতীয় বৃত্তিলাভের যোগ্যা বলে বিবেচিত হয়েছে। এখন শট পাটই ওর স্বপ্ন, শট পাটই ওর জীবনের একমাত্র চ্যালেনজ।

Godrej

গোদরেজ আলমারী ও ফ্রিজ কেনবার জন্য ভাবছেন! কিন্তু আমরা আপনার কাছেই আছি। মাত্র ১৫ পয়সা খরচ করে একটা চিঠিতে সমস্ত জানতে পারবেন। গোদরেজের সমস্ত জিনিস এখন মজুত আছে; যেটা চাইবেন সঙ্গে সঙ্গে ঘরে বসে পাবেন। আপনাকে সঙ্গে নিয়ে যেতে হবে না, আমরা আপনার ঘরে পৌঁছিয়ে দিয়ে আসবো। যা কিছু জানতে চান পত্রে যোগাযোগ করুন।

আপনাদের সেবায় আমরা সব সময় প্রস্তুত।

ভকত ভাই প্রাইভেট লিমিটেড

বোলপুর

ফোন—২৪১

## স্কুলে অশনি পতন, নিহত ২

রঘুনাথগঞ্জ, ১ আগষ্ট—গত শুক্রবার বাছুরাইল প্রাইমারী স্কুলে বজ্রপাতের ফলে দু'জন নিহত ও দু'জন আহত হন। সেই সময় বৃষ্টির জন্য তাঁরা সেখানে অপেক্ষা করছিলেন। নিহতদের একজন তালাইয়ের লক্ষ্মী মণ্ডল (৪০), অপরজন চাঁদপুরের জনৈক বয়স্ক ব্যক্তি। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।


থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া

বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্

ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার একমাত্র পরিবেশক।

রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

ফোন : ২৬




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।

ফোন—অরঙ্গাবাদ-৪৭

—ধূমপানে পরিতৃপ্ত হোন—

★ ৫৬৭নং নারায়ণ বিড়ি ★ ৫০৫নং পাঁচকড়ি বিড়ি ★ ১নং প্রভাত বিড়ি

বান্ধব বিড়ি ফ্যাক্টরী (প্রাঃ) লিঃ

পোঃ অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)